ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৫

কাঞ্চনপুর, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**পানিসাগর মহকুমাভিত্তিক শিক্ষক দিবস উদযাপিত**

শিক্ষা দপ্তরের উদ্যোগে এবং পানিসাগর পঞ্চায়েত সমিতি ও পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গতকাল পানিসাগর বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের সভাগৃহে পানিসাগর মহকুমাভিত্তিক ৬৪ তম শিক্ষক দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কল্পনা দেবনাথ, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, প্রাক্তন প্রধান শিক্ষক নগেন্দ্র চন্দ্র নাথ প্রমুখ। অনুষ্ঠানে শিক্ষক দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন বিধায়ক বিনয় ভূষণ দাস। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয় পরিদর্শক সুজিৎ রুদ্র পাল। অনুষ্ঠানে ১৬ জন অবসর প্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

*****